



আলজেরিয়ার জালে মেসির বিশ্বকাপের ১৪তম গোল



ছবি: সংগৃহীত

আলজেরিয়ার বিপক্ষে ম্যাচে আবারও জুলে উঠলেন আর্জেন্টিনার অধিনায়ক লিওনেল মেসি। ম্যাচের ১৭ মিনিটে দুর্দান্ত এক গোল করে দলকে এগিয়ে দেন তিনি। এই গোলার মাধ্যমে আর্জেন্টিনার জার্সিতে নিজের ২০০তম ম্যাচে ১১৮তম গোলের দেখা পেলেন মেসি। পাশাপাশি বিশ্বকাপের মধ্যে এটি তার ১৪তম গোল। ম্যাচের শুরুতেই গোলের খুব কাছে পৌঁছে গিয়েছিলেন আর্জেন্টাইন অধিনায়ক। পঞ্চম মিনিটে বল জালে জড়ালেও অফসাইডের কারণে সেটি বাতিল হয়ে যায়। কিছুক্ষণ পর আলজেরিয়ার একটি গোলও একই কারণে গণনা হয়নি। এরপর ১৭ মিনিটে মাঝমাঠ থেকে রদ্রিগো দি পলের বাড়ানো নিখুঁত পাস ধরে আক্রমণে ওঠেন মেসি। প্রায় ২৫ গজ দূর থেকে নেওয়া তার শক্তিশালী শট আলজেরিয়ার গোলরক্ষক লুকা জিদান স্পর্শ করলেও ঠেকাতে পারেননি। বল জালে জড়িয়ে গেলে ১-০ ব্যবধানে এগিয়ে যায় বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা।

LENS ASIA